

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৭ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/২১ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.১০৪—সিঙ্গাপুরভিত্তিক গবেষণা সংস্থা ‘দ্য স্ট্যাটিস্টিকস ইন্টারন্যাশনাল’ কর্তৃক সম্প্রতি এক জরিপে দক্ষ নেতৃত্ব, রাষ্ট্রনায়কোচিত গুণাবলি, মানবিকতা ও আন্তর্জাতিক পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণ এবং বাস্তবায়নসহ ২০১৭ সালে আন্তর্জাতিক মিডিয়ায় আলোচনায় অন্তর্ভুক্ত থাকার পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-কে বিশ্বের দ্বিতীয় সেরা প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচন করা হয়।

২। ‘দ্য স্ট্যাটিস্টিকস ইন্টারন্যাশনাল’ কর্তৃক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিশ্বের দ্বিতীয় সেরা প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত করার মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৫ চৈত্র ১৪২৪/১৯ মার্চ ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ৩২১৭ )  
মূল্য : টাকা ৪.০০

### মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

০৫ চৈত্র ১৪২৪  
ঢাকা : ১৯ মার্চ ২০১৮

সিঁজাপুরভিত্তিক গবেষণা সংস্থা ‘দ্য স্ট্যাটিস্টিকস ইন্টারন্যাশনাল’ কর্তৃক সম্প্রতি এক জরিপে দক্ষ নেতৃত্ব, রাষ্ট্রনায়কোচিত গুণাবলি, মানবিকতা ও আন্তর্জাতিক পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণ এবং বাস্তবায়নসহ ২০১৭ সালে আন্তর্জাতিক মিডিয়া আলোচনায় অন্তর্ভুক্ত থাকার পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-কে বিশ্বের দ্বিতীয় সেরা প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচন করা হয়। উক্ত জরিপ প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, ২০১৭ সালে আন্তর্জাতিক অঙ্গনে সবচেয়ে বেশি আলোচনায় ছিল রোহিঙ্গা ইস্যু। জাতিগত নিধনের শিকার নিপীড়িত রোহিঙ্গাদের আশ্রয় দিয়ে শেখ হাসিনা মানবিক এবং রাষ্ট্রনায়কোচিত সাহসী সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এক্ষেত্রে তিনি শুধু আশ্রয়ই দেননি, বরং মিয়ানমারে তাদের নিজ ভূমিতে অধিকার প্রতিষ্ঠার জন্য কূটনৈতিক লড়াই করেছেন এবং জাতিসংঘসহ গুরুত্বপূর্ণ রাষ্ট্রসমূহকে সম্পৃক্ত করতে সক্ষম হয়েছেন। বাংলাদেশের কূটনৈতিক দক্ষতায় মিয়ানমার বাধ্য হয়েছে রোহিঙ্গাদের প্রত্যাবাসনের বিষয়ে দ্বিপাক্ষিক চুক্তি করতে। আন্তর্জাতিক অঙ্গনে স্বল্পসংখ্যক রাষ্ট্রনায়ক এত কম সময়ে এমন ব্যাপক সফলতা অর্জন করতে সক্ষম হন। প্রতিবেদনে আরও উল্লেখ করা হয় যে শেখ হাসিনার মতো প্রধানমন্ত্রী পাওয়া বাংলাদেশের জনগণের জন্য সৌভাগ্যের বিষয়। তিনি যেভাবে বিভিন্ন দেশের কাছ থেকে বাংলাদেশের ন্যায়সঙ্গত স্বার্থ আদায় করতে সক্ষম হয়েছেন, নিকট অতীতে বাংলাদেশে আর কারও নেতৃত্বে এমনটি প্রত্যক্ষ করা যায়নি।

২০১৭ সালে প্রতিবেশী দেশ মিয়ানমার থেকে নির্যাতন ও জাতিগত সহিংসতার মুখে পালিয়ে আসা লাখ লাখ নিপীড়িত ও বিপন্ন মানুষের জন্য সীমান্ত খুলে দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অসাধারণ মানবিক এবং রাষ্ট্রনায়কোচিত সাহসী সিদ্ধান্ত গ্রহণ করেন। তিনি পরম আন্তরিক সহানুভূতি ও সহমর্মিতার সঙ্গে আশ্রয় গ্রহণকারী রোহিঙ্গা জনগোষ্ঠীর খাদ্য, বস্ত্র ও বাসস্থান সংকুলানের দায়িত্ব গ্রহণ করেন। এরই ধারাবাহিকতায় জাতিসংঘ সাধারণ পরিষদের ৭২তম অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানকল্পে দ্রুত কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য জাতিসংঘ এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান। এই প্রসঙ্গে তিনি পাঁচটি সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করেন, যা সর্বমহলে সমাদৃত হয়।

রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রতি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার মানবিক ও উদারনৈতিক দৃষ্টিভঙ্গি এবং তাদের জীবনরক্ষায় তৎকর্তৃক গৃহীত সকল কার্যক্রমের স্বীকৃতিস্বরূপ ইতঃপূর্বে তাঁকে সংযুক্ত আরব আমিরাত থেকে প্রকাশিত বিশ্বখ্যাত দৈনিক পত্রিকা খালিজ টাইমস-এ ‘Star of the East’ এবং লন্ডনভিত্তিক আন্তর্জাতিক গণমাধ্যম ‘চ্যানেল ফোর’ কর্তৃক ‘Mother of Humanity’ অভিধায় ভূষিত করা হয়।

মন্ত্রিসভা মনে করে যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দর্শন-চিন্তা, বলিষ্ঠ নেতৃত্ব, মানবিক ও উদারনৈতিক দৃষ্টিভঙ্গি দেশে-বিদেশে ব্যাপকভাবে প্রশংসিত ও সমাদৃত হচ্ছে। আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন ক্ষেত্রে নেতৃত্ব প্রদানের জন্যও তাঁকে মনোনীত করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় দ্য স্ট্যাটিস্টিকস ইন্টারন্যাশনাল কর্তৃক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিশ্বের দ্বিতীয় সেরা প্রধানমন্ত্রী হিসাবে নির্বাচিত করার মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd